

শিশু-কিশোরদের বইয়ের মেলা ‘শিশু একাডেমী গ্রন্থাগার’

তাসলিমা আক্তার তাহমিনা

জ্ঞান-বিজ্ঞানে শিশু-কিশোরদের রয়েছে বিশাল ভূমিকা। সেক্ষেত্রে শিশুদের সুনাগরিক হিসেবে গড়ে তুলতে হলে অবশ্যই তাদের মানসিক ও সাংস্কৃতিক বিকাশে নজর দিতে হবে। সে লক্ষ্যে ১৯৭৬ খ্রিস্টাব্দে রাষ্ট্রপতির এক অধ্যাদেশবলে গঠন করা হয় ‘বাংলাদেশ শিশু একাডেমী’। এর বিভিন্ন কর্মকাণ্ড পরিচালনার জন্য যে-কয়টি বিভাগ রয়েছে এগুলোর অন্যতম একটি হলো-গ্রন্থাগার। একাডেমীর প্রতিষ্ঠাতা-পরিচালক জোবেদা খানমের স্মৃতি রক্ষায় কেন্দ্রীয় ভবনের এই গ্রন্থাগারের নামকরণ করা হয়েছে ‘জোবেদা খানম শিশু গ্রন্থাগার’।

এই গ্রন্থাগারে রয়েছে শিশুদের উপযোগী দেশি-বিদেশি লেখকের ২০ হাজার ধরনের প্রায় ৪০ হাজার বই। যেমন: বিজ্ঞান ও প্রযুক্তি, অর্থনীতি, ইতিহাস, সাহিত্য-সংস্কৃতি, উপন্যাস, আইন, ধর্ম, ভ্রমণ, নাটক, ছড়া, কবিতা, রান্না, চিকিৎসা, খেলাধুলা, ব্যবসা-বাণিজ্য, শিক্ষা, শিল্প ইত্যাদি বিষয়ক বই, ম্যাগাজিন ও জার্নাল। বিষয়ভিত্তিক বিভিন্ন শেলফে বইগুলো সাজানো রয়েছে। যাতে শিশু-কিশোররা পছন্দের বইটি সহজে খুঁজে পেতে পারে। গ্রন্থাগারে প্রায় শতাধিক শিশু-কিশোর ও তাদের অভিভাবক নিয়মিত বই পড়ার সুযোগ পাচ্ছেন। অনেক গবেষকও এখানে গবেষণাকাজের সঙ্গে যুক্ত রয়েছেন।

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতি রক্ষার্থে এখানে রয়েছে বিশেষ ‘বঙ্গবন্ধু কর্নার’। শিশু-কিশোরদের বঙ্গবন্ধু সম্পর্কে জানার জন্য এই কর্নারে রয়েছে অসংখ্য গ্রন্থাদি। যার মাধ্যমে বঙ্গবন্ধুর রাজনৈতিক জীবন, বাংলাদেশের মুক্তিসংগ্রামে তাঁর অবদান, স্বাধীনতার ঘোষণা, স্বাধীনতা-পরবর্তী সময়ে দেশের উন্নয়নে বঙ্গবন্ধুর নেওয়া বিভিন্ন কর্মসূচি, বিশ্বকে ক্ষুধামুক্ত ও শোষণের নাগপাশ থেকে মুক্তির জন্য আন্তর্জাতিক পর্যায়ে তাঁর অবদান সম্পর্কে জানার বিশেষ সুযোগ।

শিশু একাডেমীর গ্রন্থাগারে বইয়ের বাইরেও রয়েছে পত্রপত্রিকা পাঠের বিশেষ ব্যবস্থা। দেশ ও দেশের বাইরের অসংখ্য পত্রপত্রিকা এখানে নিয়মিত রাখা হয়। এ-ছাড়া এখানে পাঠকের প্রয়োজন ও চাহিদার কথা বিবেচনা করে পুরোনো পত্রিকাও সংরক্ষণ করা হয়। ফলে শিশু-কিশোররা এখানে বই পড়ার পাশাপাশি পত্রপত্রিকার মাধ্যমে দেশ-বিদেশের দৈনন্দিন খবরও জানতে পারছে। এতে তাদের সুগুণ প্রতিভার বিকাশ ও জ্ঞানের ভাণ্ডারও সমৃদ্ধ হচ্ছে।

শিশু একাডেমীর গ্রন্থাগারে শিশু-কিশোরদের জন্য রয়েছে বই পড়ার বাড়তি সুযোগ। ৬-১৮ বছর বয়সের যেকোনো শিশু-কিশোর মাত্র একশ টাকা ফি দিয়ে এই গ্রন্থাগারের নিয়মিত সদস্য হতে পারে। এ-ছাড়া নিয়মিত সদস্যরা বাড়িতে বই নিয়েও যেতে পারে। এবং প্রতি

১৫ দিনে দুটি করে বই তুলতে পারে। তবে নির্দিষ্ট সময়ের আগেও পুরোনো বই জমা দিয়ে নতুন বই নেওয়ার সুযোগ রয়েছে। এ-ছাড়া শিশুদের মধ্যে পাঠাভ্যাস বৃদ্ধি ও গ্রন্থাগারের প্রতি আগ্রহী করে তোলার উদ্দেশ্যে গ্রন্থাগারভিত্তিক বিভিন্ন ধরনের শিক্ষামূলক কার্যক্রমের নানা আয়োজন রয়েছে এখানে। যেমন- রচনা প্রতিযোগিতা, কুইজ, বিতর্ক, বইপড়া উৎসব, দেখো এবং আঁকো। এমনকি উপস্থিতির ভিত্তিতে সেরা পাঠকের পুরস্কারও দেওয়া হয়।

সম্পূর্ণ নিরিবিলি ও কোলাহলমুক্ত পরিবেশে এখানে রয়েছে বই পড়ার অফুরন্ত সুযোগ। গ্রন্থাগারের ভেতরে রয়েছে অসংখ্য টেবিল ও শতাধিক চেয়ার। আলো ও বাতাসের জন্য রয়েছে পর্যাপ্ত লাইট ও শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থা। তথ্যপ্রযুক্তিগত সুবিধাও রয়েছে এখানে। রয়েছে দুটি কম্পিউটার। যার মাধ্যমে শিশু-কিশোর পাঠক এখান থেকে বাড়তি সুবিধা গ্রহণ করতে পারে। অন্যদিকে, পাঠকেরা বিশেষ লেখা কপি করে নিতে চাইলেও সে-সুযোগ পাচ্ছেন। এখানে রয়েছে ফটোকপির বিশেষ ব্যবস্থা। গ্রন্থাগারে আগত পাঠকের সঙ্গে থাকা ব্যাগ ও অন্যান্য মালামাল কাউন্টারে জমা দিয়ে গ্রন্থাগারে প্রবেশ করতে হয়। এজন্য আলাদা কোনো ফি দিতে হয় না।

গ্রন্থাগারের অভ্যন্ডের ব্যাগ, কোনোপ্রকার বই ও মলাট বাঁধানো খাতা নিয়ে প্রবেশ করা যায় না। কোনো খাদদ্রব্য নিয়ে প্রবেশ নিষেধ। পাঠ্যবই, ম্যাগাজিন ও অন্য কিছুর পাতা কাটা/ছেঁড়া যাবে না। মূল্যবান সামগ্রী, নগদ অর্থ, মোবাইল ও অন্যান্য দ্রব্যাদি নিজ দায়িত্বে রাখতে হয়। পড়া শেষ হলে বই টেবিলেই রেখে আসতে হয়। এক শেলফের বই অন্য শেলফে রাখা যায় না। প্রয়োজনে গ্রন্থাগারিকের সহায়তা নেওয়া যায়।

এই গ্রন্থাগারটিতে মূল সিঁড়ি ও ফায়ার-এক্সটিংগুইসার ছাড়া নিজস্ব কোনও অগ্নিনির্বাপক ব্যবস্থা নেই। তবে গ্রন্থাগারের বইপত্র সংরক্ষণ ও নিরাপত্তার জন্য সি.সি. ক্যামেরা রয়েছে। একাধিক ক্যামেরা দিয়ে নিবিড়ভাবে পর্যবেক্ষণ হয়। শিশু একাডেমীর এই গ্রন্থাগারটি একাডেমীর মূল ভবনের দোতলায় অবস্থিত। যার অবস্থান ঢাকা বিশ্ববিদ্যালয়ের দোয়েল চত্বরের কাছাকাছি ঐতিহাসিক কার্জন হলের ঠিক উল্টোপাশে। শুক্রবার সাপ্তাহিক বন্ধ। এ-ছাড়া সপ্তাহের অন্যান্য দিন সকাল ৯.০০টা থেকে বিকেল ৫.০০টা পর্যন্ত গ্রন্থাগার খোলা থাকে। গ্রন্থাগারটি সবার জন্য উন্মুক্ত।